

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি
নওগাঁ শাখা, নওগাঁ।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নওগাঁ শাখা, এর ঋণগ্রহীতা মেসার্স শরন গার্মেন্টস, প্রোপাইটরঃ জনাব মোঃ শাহজাহান আলী (সাজু), পিতা- মৃত ইয়াসিন আলী শেখ, ঠিকানাঃ হোল্ডিং নং ২২১, হোটেল পট্টি, থানা- নওগাঁ সদর, জেলা- নওগাঁ, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নওগাঁ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ও তদুপস্থিত স্থাপনা (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৭.০৪.২০২৪ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা সিসি হাইপো ঋণের মোট অনারোপিত সুদ ব্যতীত ২,৪৭,৩৮,৬৯৭.৬৫ টাকা (দুইকোটি সাতচল্লিশ লক্ষ আটত্রিশ হাজার ছয়শত সাতানব্বই টাকা পঁয়ষট্টি পয়সা) ও পুনতফসিল ঋণের মোট অনারোপিত সুদ ব্যতীত ৫৮,৬১,৭৯৫.৩৬ টাকা (আটাল্ল লক্ষ একষট্টি হাজার সাতশত পঁচানব্বই টাকা ছত্রিশ পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

তফসিল-০১

(জেলা- নওগাঁ, থানা-নওগাঁ সদর, মৌজা-আরজি নওগাঁ, জে.এল. নং-৩৪২/১৪৬)

আর এস. খতিয়ান নং-২৭৫/১ খারিজ খতিয়ান নং- ১৩৭৮, এস.এ খতিয়ান নং-৪৪৪, সি.এস খতিয়ান নং-৪৭১, সি.এস ও এস.এ. দাগ নং-২২৪৯ আর.এস. দাগ নং-৩৯২১, জমির পরিমাণ-৩.৩০ শতাংশ জমি।

তফসিল-০২

(জেলা- নওগাঁ, থানা-নওগাঁ সদর, মৌজা-সুলতানপুর, জে.এল. নং-২৯৫/১৮২)

আর এস. খতিয়ান নং-১৩৬ খারিজ খতিয়ান নং- ৬৭৮/১২৭৯,৮৮৮, এস.এ খতিয়ান নং-৪৪৪,৪৪৮, সি.এস ও এস.এ. দাগ নং-৬৬২,৬৭৯ আর.এস. দাগ নং-২৫৯৪,২৬১০, জমির পরিমাণ-(২২.২৭১/২ শতাংশ +৩.৩০)=২৫.৫৭৫০ শতাংশ ও ৬.৬০ শতাংশ জমি, মোট জমির পরিমাণ ৩২.১৭৫ শতাংশ জমি।

তফসিল-০৩

(জেলা- নওগাঁ, থানা-নওগাঁ সদর, মৌজা- নওগাঁ, জে.এল. নং-১৪৪)

আর এস. খতিয়ান নং-১৫৫ প্রস্তাবিত খতিয়ান নং- ২৭৯৬, এস.এ. দাগ নং-৪৩৫ আর.এস. দাগ নং-১২৬৪, জমির পরিমাণ ৪.৩০ শতাংশ জমি।

তফসিল-০৪

(জেলা- নওগাঁ, থানা-নওগাঁ সদর, মৌজা- সুলতানপুর, জে.এল. নং-১৮২)

আর এস. খতিয়ান নং-১৩৬,৪২৭ প্রস্তাবিত খতিয়ান নং- ২৯৫০, এস.এ. দাগ নং-৬২২,৬৫৫ আর.এস. দাগ নং-২৫৯৪,২৫৯৫, জমির পরিমাণ ১৯.৩৮ শতাংশ জমি ও ১.৫৭ শতাংশ জমি, মোট ২০.৯৫ শতাংশ জমি।

মোট জমির পরিমাণ (৩.৩০+৩২.১৭৫+৪.৩০+২০.৯৫) = ৬০.৭২৫ শতাংশ জমি।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৫/০৫/২০২৪ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নওগাঁ শাখায় রক্ষিত বাঞ্ছিত সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নওগাঁ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, নওগাঁ শাখা, নওগাঁ।